ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৩০

সোনামুড়া, ৫ মে, ২০২৫

**কাঁঠালিয়া ব্লক এলাকায় নানা উন্নয়নমূলক কাজ**

গত অর্থবছরে কাঁঠালিয়া আরডি ব্লকের অন্তর্গত দক্ষিণ পাহাড়পুর গ্রাম পঞ্চায়েত এলাকায় পঞ্চদশ অর্থ কমিশনের অনুমোদিত অর্থে বেশ কিছু উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডে পাহাড়পুর পঞ্চায়েত এলাকার অঙ্গনওয়াড়ি কেন্দ্র, বিদ্যালয়, স্বাস্থ্য কেন্দ্র, গ্রামীণ রাস্তা, পানীয় জল ইত্যাদি পরিকাঠামো ও পরিষেবার উন্নয়নে বিগত অর্থবছরে মোট ১২ লক্ষ ৭৪ হাজার ৬৫১ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়াও পঞ্চায়েতের অন্তর্গত প্রাণীসম্পদ দপ্তরের উপস্বাস্থ্য কেন্দ্রে পানীয়জলের ফিল্টার ট্যাংক নির্মাণ করা হয়েছে।

*****